# ট্রান্স ওয়ার্ল্ড রেডিও পুরুষদের জন্য প্রার্থনা ক্যালেণ্ডার, নভেম্বর ২০২৩

**১। ধন্য** – যীশু বলেছিলেন: "ধন্য যাহারা আত্মাতে দীনহীন, কারণ স্বর্গ-রাজ্য তাহাদেরই"(মথি ৫:৩)।সেই সমস্ত লোকদের জন্য প্রার্থনা করুন যারা প্রভুর সঙ্গে তাদের গুরুত্বপূর্ণ সম্পর্কের বাইরে তাদের আত্মিক দুর্বলতাকে পুনরায় চিনতে পেরেছে এবং তাঁর স্বর্গীয় উপস্থিতির সমৃদ্ধির চেতনাকে গভীরভাবে অনুসরণ করতে পারে।

**২। শোক করা** – যীশু বলেছিলেন: "ধন্য যাহারা শোক করে, কারণ তাহারা সান্ত্বনা পাইবে"(মথি ৫:৪)।পুরুষদের জন্য প্রার্থনা করুন যেন তারা তাদের পাপের জন্য শোক করে এবং এই বিষয়টিকে ঈশ্বরের উদ্দেশে অপরাধ হিসাবে দেখে; তারপর তাদের পাপস্বীকার এবং মনপরিবর্তনের পর, তাঁর সান্ত্বনা দানকারী ক্ষমা লাভ করতে পারে।

**৩। মৃদুশীলতা** – যীশু বলেছিলেন: "ধন্য যাহারা মৃদুশীল, কারণ তাহারা দেশের অধিকারী হইবে"(মথি ৫:৫)।পুরুষরা যেন শিক্ষাগ্রহণে আগ্রহী এবং ভদ্র হয়, প্রভুর এবং ঈশ্বরীয় পরামর্শ দানকারীদের কাছ থেকে খোলা মনে শিক্ষা গ্রহণ করে তার জন্য প্রার্থনা করুন।প্রার্থনা করুন যেন গর্বিত পুরুষরা ঈশ্বরের পরাক্রমী হাতের নীচে নিজেদেরকে নম্র করে।

**৪। ক্ষুধার্ত** – যীশু বলেছিলেন: "ধন্য যাহারা ধার্মিকতার জন্য ক্ষুধিত ও তৃষিত, কারণ তাহারা পরিতৃপ্ত হইবে" (মথি ৫:৬)। পুরুষরা প্রায়ই তাদের শূন্য হৃদয়গুলিকে ভুল জিনিসগুলি দ্বারা পূর্ণ করে। প্রার্থনা করুন যাতে পুরুষরা ঈশ্বরের জন্য ক্ষুধিত এবং তৃষিত হয় এবং তাঁর ও তাঁর ধার্মিকতাসহ নিজেদের পূর্ণ করে।

**৫।দয়াশীলতা** – যীশু বলেছিলেন: "ধন্য যাহারা দয়াশীল, কারণ তাহারা দয়া পাইবে" (মথি ৫:৭)। পুরুষদের জন্য প্রার্থনা করুন যাতে তারা তাদের পরিবার এবং সহকর্মিদের প্রতি দয়ার শান্ত হৃদয়ের অধিকারী হয়।প্রতিশোধ গ্রহণের পরিবর্তে, তাদের ক্ষমাপূর্ণ হৃদয়ের জন্য প্রার্থনা করুন এবং অন্যদের পাপের বিষয় তারা যেন একই দয়াসহ ব্যবহার করতে পারে যে দয়া তারা তাদের নিজেদের সমস্ত পাপের জন্য তাদের কাছে আশা করে।

**৬।বিনতি** – "কিন্তু আমি তোমার নিমিত্ত বিনতি করিয়াছি, যেন তোমার বিশ্বাসের লোপ না হয়" (লূক ২২:৩২)।এই কথাগুলি যীশু পিতরকে বলেছিলেন। চমৎকার,

যীশু তাঁর শিষ্যদের জন্য প্রার্থনা করেন!আমরা যখন অন্যদের জন্য প্রার্থনা করি, তখন আমরা তাঁর সঙ্গে যুক্ত হই।

**৭। প্রেমময় ঈশ্বর** – যীশু তিনবার পিতরকে জিজ্ঞাসা করেছিলেন, "তুমি কি আমাকে প্রেম কর (যোহন ২১:১৫-১৭)?" তারপর, তিনি অভিযুক্ত না করে পিতরকে পুনরুদ্ধার করেছিলেন। যীশু প্রশ্ন করেছিলেন: "তুমি কি আমাকে প্রেম কর?" এই প্রশ্নটি ছিল পিতরকে তালিকাভুক্ত করার এবং তাঁর পরিচর্যা কাজে আপনাকে এবং আমাকে তালিকাভুক্ত করার একটি সিদ্ধান্ত।

**৮।সহভাগিতা** – "কিন্তু তিনি যেমন জ্যোতিতে আছেন, আমরাও যদি তেমনি জ্যোতিতে চলি, তবে পরস্পর আমাদের সহভাগিতা আছে, এবং তাঁহার পুত্র যীশুর রক্ত আমাদিগকে সমস্ত পাপ হইতে শুচি করে" (১ যোহন ১:৭)। এটিই হচ্ছে সত্য সহভাগিতার জন্য মূল বিষয়। তাঁর দেহের উদ্ধারপ্রাপ্ত সদস্য হিসাবে আসুন আমরা জ্যোতিতে চলি।

**৯। প্রশাসকগণ** – আমরা যখন যীশুর সঙ্গে জীবনযাপন করি, তখন আমাদের বলে আর কিছুই থাকে না। এটি আর আমার ঘর, আমার টাকা, আমার শরীর থাকে না। সব কিছু যীশুর হয়ে যায়, কিন্তু আমি এটি ব্যবহার এবং উপভোগ করতে পারি এবং একজন উত্তম প্রশাসক হিসাবে ঈশ্বরের আয়ত্তাধীন হই।(প্রেরিত ৪:৩২)

**১০। পুরুষত্ব** – "তোমরা জাগিয়া থাক,বিশ্বাসে দাঁড়াইয়া থাক, বীরত্ব দেখাও, বলবান্ হও" (১ করি ১৬:১৩)। আমাদের পুরুষদের জন্য বাইবেল সংক্রান্ত মূল্যবোধগুলি হচ্ছে জেগে থাকা,বিশ্বাসযোগ্যতা,বিশ্বস্ততা,এবং শক্তি।ঈশ্বর আমাদের এই চারিত্রীক গুণাবলী বিকশিত করতে আমাদের সাহায্য করতে চান এবং তিনি চান আমরা যেন তাঁর পছন্দ মতো পুরুষ হই।

**১১।জীবনযাপন হচ্ছে খ্রীষ্ট** – প্রিয় প্রভু, আমাকে খ্রীষ্টে আমার পরিচিতি দেখাও। তুমি আমাকে যেভাবে দেখো সেইভাবে নিজেকে দেখতে আমাকে সাহায্য করো। তুমি যেভাবে আমাকে একটি নতুন সৃষ্টি হিসাবে তৈরী করেছিলে সেইভাবে তুমি আমাকে দেখো – খ্রীষ্টে জীবিত হিসাবে। সেটাই হচ্ছে বাস্তব এবং প্রকৃত জীবনযাপন। মৃত্যু যে লাভ সেই আশ্বাসে আস্থাসহ মৃত্যুকে সাহসের সঙ্গে মোকাবিলা করতে আমাকে সক্ষম করো (ফিলিপীয় ১:২১)।

**১২। চূড়ান্ত গঠন** – হে ঈশ্বর, আমি অত্যন্ত কৃতজ্ঞ যে আমাকে আর আমার জীবন পরিবর্তন করার চেষ্টা করতে হবে না। এখন আমি যেহেতু খ্রীষ্টকে গ্রহণ করেছি, সেহেতু তুমি আমাকে ভেতরে থেকে বাইরে পর্যন্ত পরিবর্তিত করেছো। আমার পুরাতন জীবনের বিনিময়ে তোমার গৌরবময় নতুন জীবনের সুযোগের জন্য

তোমাকে ধন্যবাদ। খ্রীষ্টের সঙ্গে সংযোগের মধ্যে তুমি আমাকে সম্পূর্ণ নতুনভাবে তৈরী করেছো (২ করি ৫:১৭)।

**১৩। মৃত্যু: জীবনের প্রবেশদ্বার** – হে প্রভু, আমি বিশ্বাস করি যে তোমার পথই শ্রেষ্ঠ পথ। আমার জীবনসহ তোমার পথে যাওয়ার জন্য তোমার অনুগ্রহ দাও।তুমি যখন ক্রুশে মৃত্যুবরণ করেছিলে তখন আদমে আমার পুরাতন স্বার্থপর জীবনের সমাপ্তি হয়েছিল। আমি আমার পুরাতন জীবন ছেড়ে দিয়েছি। খ্রীষ্টে এই সুন্দর নতুন জীবনের জন্য তোমাকে ধন্যবাদ (মথি ১৬:২৪)!

**১৪। ব্যর্থ শ্রম** – হে স্বর্গীয় পিতা, আমি তোমার জন্য কঠোর পরিশ্রম করে আসছি, কিন্তু আমি বুঝতে পেরেছি যে আমার মাংসিক পরিশ্রম লাভজনক নয়।আমি এখন দেখতে পাই যে তোমার রাজ্য হচ্ছে একটি স্বর্গীয় রাজ্য এবং তুমি বলেছো যে কেবল আমার আত্মিক শ্রম কখনও ব্যর্থ হবে না। প্রভুর সঙ্গে আমাকে সহ-কর্মী হতে দেওয়ার জন্য তোমাকে ধন্যবাদ! (গীত ১২৭:১)

**১৫। প্রভুতে বিশ্রাম** – প্রিয় প্রভু, প্রকৃতভাবে আমি তোমার জন্য বাঁচার চেষ্টা করেছি, কিন্তু আমি ব্যর্থ হচ্ছি। আমি এতো অবসন্ন যে আমি চেষ্টা করার বিষয়টি ছেড়ে দিয়েছি।তুমি আমাকে তোমার কাছে আসার জন্য আমন্ত্রণ করেছো।তোমাকে ধন্যবাদ দিই যে যখন থেকে আমি খ্রীষ্টকে গ্রহণ করেছি, আমি এক স্বর্গীয় ঐক্যের মধ্যে তোমার সঙ্গে যোঁয়ালীবদ্ধ হয়েছি। সুতরাং, আমার ভার বহনকারী হিসাবে আমি এখন তোমাতে বিশ্রাম করি (মথি ১১:২৮-৩০)

**১৬।প্রকৃত সাফল্য** – "তোমার মুখ হইতে এই ব্যবস্থাপুস্তক বিচলিত না হউক;...তুমি দিবারাত্র তাহা ধ্যান কর; কেননা তাহা করিলে তোমার শুভগতি হইবে ও তুমি বুদ্ধিপূর্বক চলিবে" (যিহোশূয় ১:৮)। স্থায়ী এবং সম্পূর্ণকারী সাফল্য বস্তুগত উপাদান এবং মানবিক জয়ের উর্দ্ধে। সেই কারণে, বাক্যের মানুষ হন; এর উপর গভীরভাবে ধ্যান করুন এবং তাঁর অনন্তকালীন মূল্যবোধগুলির দ্বারা জীবনযাপন করুন।

**১৭। স্বাভাবিক খ্রীষ্টিয় জীবন** – "আর যত লোক ভক্তিভাবে খ্রীষ্ট যীশুতে জীবন ধারণ করিতে ইচ্ছা করে, সেই সকলের প্রতি তাড়না ঘটিবে" (২ তীমথিয় ৩:১২)। সুসমাচারের শ্রেষ্ঠত্বগুলি বর্তমান আনন্দ এবং আপেক্ষিকতাবাদের বর্দ্ধমান

আরাধনার উদ্দেশে বিরোধীতা করে। যখন নতুন স্বাভাবিকতা খ্রীষ্টের অনুগামীদের উপর তাড়না করবে তখন বিশ্বাসে অবিচল থাকার জন্য প্রার্থনা করুন।

**১৮। উপযোগিতা** – "আমরা যে আপনারাই কিছুর মীমাংসা করিতে নিজ গুণে উপযুক্ত, তাহা নয়; কিন্তু আমাদের উপযোগিতা ঈশ্বর হইতে উৎপন্ন" (২ করি ৩:৫)। কখনও ভুলবেন না যে খ্রীষ্টিয় জীবন হচ্ছে খ্রীষ্টের জীবন। কেবল তিনি আমাদের মধ্যে এবং আমাদের মাধ্যমে বাস করতে পারেন। সেই কারণে, কোনও কিছু একা সামলানোর আবেদনকে প্রতিরোধ করুন এবং ঈশ্বরের ইচ্ছার কাছে নম্র বাধ্যতায় আত্মসমর্পণ করুন।

**১৯। সংগ্রাম করা** – "তোমরা পাপের সঙ্গে যুদ্ধ করিতে করিতে এখনও রক্তব্যয় পর্য্যন্ত প্রতিরোধ কর নাই" (ইব্রীয় ১২:৪)। খ্রীষ্ট ক্রুশে তাঁর রক্ত সেচন করার কারণে, আমরা পাপের ক্ষতিপূরণ থেকে স্বাধীন হয়েছি। প্রলোভনকে প্রতিরোধ করার বিষয় প্রস্তুত হওয়ার জন্য এবং তাঁর প্রতি আপনার নিজের জীবনের শেষ প্রতিরোধ পর্যন্ত আত্মসমর্পন করার জন্য প্রার্থনা করুন।

**২০।বিচারকর্ত্তা** – "...তাঁহাকেই ঈশ্বর জীবিত ও মৃতদিগের বিচারকর্ত্তা নিযুক্ত করিয়াছেন" (প্রেরিত ১০:৪২খ)। খ্রীষ্ট এটি রক্ষা করতে জগতে এসেছিলেন। প্রভু যেহেতু আপনাকে সুযোগ দিয়েছেন সেহেতু সুসমাচার সম্প্রসারিত করতে প্রস্তুত হওয়ার জন্য প্রার্থনা করুন। কিন্তু যারা প্রতিরোধ করে তাদের সতর্ক করার জন্যেও প্রস্তুত হন কারণ অবিশ্বাসীদের বিচার করার জন্য তিনি বিচারকর্তা হবেন।

**২১। শেষ কথা** – "কিন্তু আমি জানি, আমার মুক্তিকর্তা জীবিত; তিনি শেষে ধূলির উপরে উঠিয়া দাঁড়াইবেন" (ইয়োব ১৯:২৫)। যারা সবথেকে উচ্চরবে কথা বলে, যাদের অসংখ্য অনুগামী আছে অথবা সব থেকে বড় রাজনৈতিক প্রভাব আছে তাদের দ্বারা মুগ্ধ হবেন না।এই পৃথিবীর রাজ্যসকল শেষ হয়ে যাবে। আমাদের আসন্ন এবং অনন্তকালীন রাজা প্রভু যীশু খ্রীষ্টের উপর ফোকাস করুন।

**২২। লবণ এবং জ্যোতি হন** – "তোমরা পৃথিবীর লবণ, কিন্তু লবণের স্বাদ যদি যায়, তবে তাহা কি প্রকারে লবণের গুণবিশিষ্ট করা যাইবে? তাহা আর কোন কার্য্যে লাগে না, কেবল বাহিরে ফেলিয়া দিবার ও লোকের পদতলে দলিত হইবার যোগ্য হয়" (মথি ৫:১৩)। খ্রীষ্ট জীবনের এবং রূপান্তরণের এজেণ্ট হওয়ার জন্য তাঁর

শিষ্যদের আহ্বান করেন। আজ আপনার মাধ্যমে উজ্জ্বল হওয়ার জন্য খ্রীষ্টের জ্যোতির জন্য প্রার্থনা করুন।

**২৩। অসুস্থতা** – "এ পীড়া মৃত্যুর জন্য হয় নাই, কিন্তু ঈশ্বরের গৌরবের নিমিত্ত" (যোহন ১১:৪)।ঔষধ অথবা সুস্থ জীবনযাপন এই পৃথিবীতে আমাদের সময়কে দীর্ঘায়িত করতে পারে কিন্তু চিরকালের জন্যে নয়। কেবল যীশু অনন্ত জীবন দিতে পারেন। আপনি যদি তাঁর সঙ্গে থাকেন,তাহলে আপনি কখনও ভীত হবেন না। সর্বদা আপনার সহবর্তী হওয়ার জন্য এবং ঈশ্বরের গৌরবের জন্য এমনকী অসুস্থতাকেও ব্যবহার করার জন্য তাঁকে ধন্যবাদ দিন।

**২৪। নির্জন স্থান** – "পরে অতি প্রত্যূষে, রাত্রি পোহাইবার অনেকক্ষণ পূর্ব্বে, তিনি উঠিয়া বাহিরে গেলেন, এবং নির্জন স্থানে গিয়া তথায় প্রার্থনা করিলেন" (মার্ক ১:৩৫)। যীশুর থেকে অধিক বৃহত্তর দায়িত্ব এবং গুরুত্বপূর্ণ আলোচ্য বিষয় আর কারও ছিল না। প্রভু, আমি প্রথমে তোমার অন্বেষণ করতে চাই; আমাকে তোমার রব শুনতে দাও। আমি তোমার জন্য বাঁচতে চাই্ এবং তোমার ইচ্ছা পূর্ণ করতে চাই!

**২৫। শুচি ধর্ম** – "ক্লেশাপন্ন পিতৃমাতৃহীনদের ও বিধবাদের তত্ত্বাবধান করা, এবং সংসার হইতে আপনাকে নিষ্কলঙ্করূপে রক্ষা করাই পিতা ঈশ্বরের কাছে শুচি ও বিমল ধর্ম" (যাকোব ১:২৭)।ঈশ্বর অনাথ এবং বিধবাদের বিষয় চিন্তা করেন যারা ক্ষতি, বিচ্ছিন্নতা, অরক্ষিত অবস্থা এবং মৃত্যুর অভিজ্ঞতা লাভ করেছে। আপনার ধর্মের শুচিতা দেখানোর জন্য তাঁকে আপনাকে ব্যবহার করতে দিন।

**২৬। সত্য কথা বলা** – "কিন্তু প্রেমে সত্যনিষ্ঠ হইয়া সর্ব্ববিষয়ে তাঁহার উদ্দেশে বৃদ্ধি পাই, যিনি  মস্তক, তিনি খ্রীষ্ট" (ইফিষীয় ৪:১৫)। খ্রীষ্ট এবং ঈশ্বরের বাক্য হচ্ছে সত্য যা আমাদের প্রয়োজন। আপনি যখন খ্রীষ্টকে আপনার মধ্যে বাস করতে দেন এবং আপনার মাধ্যমে ঘরে এবং আমাদের অভাবী জগতে বাস করতে দেন তখন প্রজ্ঞাবান এবং তাঁর সত্যের প্রেমপূর্ণ সাক্ষী হওয়ার জন্য প্রার্থনা করুন।

**২৭। সামাজিক করণ** – জীবন হচ্ছে কর্মব্যস্ত, কিন্তু দিনের শেষে সকলে পরিবারের সঙ্গে একত্রিত হওয়ার কামনা করে। বিভিন্ন সমস্যা, অনিয়ন্ত্রিত মেজাজ, এবং ধৈর্যের অভাব ঘরের শান্তিকে বিঘ্নিত করে। "কোমল উত্তর ক্রোধ

নিবারণ করে, কিন্তু কটুবাক্য কোপ উত্তেজিত করে” (হিতোপদেশ ১৫:১)। হে প্রভু, আমার পরিবারে একটি সুস্থ পরিবেশ দান করো।

**২৮। আস্থা** – একজন পিতা তার সন্তানদের যে কথাগুলি বলেন তার দ্বারা তাদের জীবনযাত্রা নিরূপিত হতে পারে। হিতোপদেশে জ্ঞানী ব্যক্তিটি তার পুত্রকে নির্দেশ দিয়েছেন: “সদাপ্রভু যেন তোমার আশ্রয় হন,তজ্জন্য আমি তোমাকে, তোমাকেই অদ্য এই সকল জানাইলাম” (হিতোপদেশ ২২:১৯)। হে প্রভু, আমার শিক্ষা যেন আমার সন্তানদের তোমার বাক্যের উপর আস্থা রাখতে এবং আমার উদাহরণ অনুসরণ করতে উৎসাহিত করে।

**২৯। উত্তম লড়াই** – “কারণ আমাদের যুদ্ধের অস্ত্রশস্ত্র মাংসিক নহে, কিন্তু দুর্গসমূহ ভাঙ্গিয়া ফেলিবার জন্য ঈশ্বরের সাক্ষাতে পরাক্রমী” (২ করি ১০:৪)।আমাদের কথাবার্তা সর্বদা বুঝাতে সক্ষম হয় না, বিশেষ করে যখন আমরা জাগতিক আদর্শগুলির এবং শিক্ষাগুলির বিরুদ্ধে লড়াই করি, যে বিষয়গুলির দ্বারা আমাদের সন্তানরা প্রভাবিত হয়। হে প্রভু, আমার ভালোবাসার লোকদের মন্দ প্রভাবগুলি থেকে রক্ষা করার জন্য আমাকে প্রজ্ঞা দাও।

**৩০। সেবা** – বিবাহিত জীবন কর্তৃত্বের একটি প্রতিযোগিতা নয় কিন্তু নম্রতার মধ্যে দাসের মানসিকতা সহ করতে হবে এবং স্বয়ং প্রভু যীশুর বশীভুত হতে হবে। “খ্রীষ্টের ভয়ে এক জন অন্য জনের বশীভূত হও” (ইফিষীয় ৫:২১)!পুরুষ হিসাবে আমাদের স্ত্রীদের প্রতি আমাদের সঠিক মনোভাব থাকতে হবে, আমাদের তাদের সেবা করতে হবে, এইভাবে আমাদের মধ্যে খ্রীষ্টের জীবনকে ব্যাখ্যা করে দেখাতে হবে।

.

.

.

**যোগাযোগের জন্য:** ট্রান্স ওয়ার্ল্ড রেডিও ইণ্ডিয়া, পোস্ট ব্যাগ নং -১, পোস্টঃ জোকা কোলকাতা ৭০০১০৪,
ফোন ০০৩-২৪৩৮-০০৪৫, মোবাইল: ৯৪৩৩৪৯৭২৩৫।
**You tube : TWR India Bengali**

আজকের চিন্তার জন্যঃ ৮৩৩৭০১২৪৩৩ নম্বরে ওয়াটস্ আপ্ করুন।